রাজস্বের প্রবৃদ্ধি
টেকসই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা
E-mail: pangaoncustoms@nbr.gov.bd

ই-মেইলযোগে

নথি নং-৫-২০(০৬)কাস/নিলাম/কাঃহাঃপাঃ/২০২৫/ ৪৯৬(৩৭)    তারিখ:২৬/০২/২০২৬খ্রি:।

বিষয়ঃ **কাস্টম হাউস, আইসিটি, পানগাঁও, ঢাকা'র টেন্ডার সেল নং- ০১/২০২৬ ও ২/২০২৬ এর বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।**

উপযুর্ক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো

০২। কাস্টমস হাউস, আইসিটি, পানগাঁও, ঢাকা'র টেন্ডার সেল নং-০১/২০২৬ ও ২/২০২৬ এর বিজ্ঞপ্তি আপনার দপ্তরের অফিসিয়াল ওয়েবসাইট এবং ফেইসবুক পেইজে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে সদয় অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২ (দুই)পাতা।

২৬/০২/২০২৬
মোহাম্মদ শহীদুল ইসলাম
অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস
কমিশনার অব কাস্টমস এর পক্ষে

প্রাপক:

১-৮। কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/আইসিডি, কমলাপুর/আইসিডি, চট্টগ্রাম/ ভোমরা।
৯-২৪। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর/ দক্ষিণ/ পূর্ব/ পশ্চিম)/ কুমিল্লা/ যশোর/ চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/রংপুর/বরিশাল/ময়মনসিংহ/গাজীপুর/নারায়ণগঞ্জ/কক্সবাজার।
২৫-২৭। কমিশনার অব কাস্টমস (বন্ড), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ)/চট্টগ্রাম।
২৮-৩১। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ঢাকা-২/চট্টগ্রাম/খুলনা।
৩২-৩৬। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল, জাতীয় রাজস্ব বোর্ড ঢাকা/কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/মূল্য সংযোজন কর নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যপর্ণ পরিদপ্তর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমিং চট্টগ্রাম।
৩৭। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।

রাজস্বের প্রবৃদ্ধি
টেকসই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা
E-mail: pangaoncustoms@nbr.gov.bd

ই-মেইল/বাহকযোগে

**সিল্ড/ম্যানুয়াল নিলাম নং-২/২০২৬ এর বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে জন্য পানগাঁও অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনালে রক্ষিত নিলামযোগ্য বিভিন্ন প্রকার মালামাল সিল্ড (ম্যানুয়াল) টেন্ডারের মাধ্যমে নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী নিলাম ক্রেতাগণের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে। পণ্য সরেজমিন পরিদর্শন করে নিলামে অংশগ্রহণের জন্য আগ্রহী নিলাম ক্রেতাগণকে অনুরোধ করা যাচ্ছে। নিলামের দর উন্মুক্ত করার পর নিলাম ক্রেতা/বিডার কর্তৃক পণ্য সংক্রান্ত কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

**দরপত্র বিক্রয় ও প্রদর্শন:** বিজ্ঞাপন প্রকাশের পর নিম্নে উল্লিখিত সরকারি নিলামকারীর সাথে যোগাযোগ করে ক্যাটালগ ও সিডিউল কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা/ কাস্টম হাউস, আইসিডি, ঢাকা এবং নিলামকারীর অফিস থেকে নিলাম সিডিউল ও ক্যাটালগ এক হার্ডকপি সংগ্রহ করা যাবে। ক্যাটালগ মূল্য ২০০/- (দুইশত) টাকা (অফেরতযোগ্য) ও দরপত্রের সিডিউল মূল্য ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) পরিশোধ করতে হবে। উল্লেখ্য, আগামী ০২/০৩/২০২৬ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে বিকেল ৩:০০ ঘটিকা পর্যন্ত ক্যাটালগভুক্ত পণ্যচালানসমূহ প্রদর্শন করা হবে।

**দরপত্র দাখিল ও খোলার সময়:** ইচ্ছুক নিলাম ক্রেতাকে কোটেশন মূল্যের উপর অন্যূন ১০% হারে জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে কমিশনার কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা বরাবর পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি এবং প্রযোজ্য দলিলাদি দাখিল করতে হবে। সীল টেন্ডারের ক্ষেত্রে কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা। কাস্টম হাউস, আইসিডি, ঢাকা এ রক্ষিত টেন্ডার বাক্সে আগামী ১১/০৩/২০২৬ খ্রি: তারিখ দুপুর ৪:০০ ঘটিকা পর্যন্ত দরপত্র দাখিল করা যাবে। প্রাপ্ত দরপত্রসমূহ ১২/০৩/২০২৬ খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকার সময় কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা এর বুড়িগঙ্গা সম্মেলন কক্ষে আগ্রহী দরদাতাগণের সম্মুখে উন্মুক্ত করা হবে। বিস্তারিত নিয়ম ও শর্তাবলী সিডিউলে উল্লেখ থাকবে। টেন্ডারে অংশগ্রহণকালে প্রতিষ্ঠানের ক্ষেত্রে দরপত্রের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামাঙ্কিত সীলসহ হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র, টিআইএন সার্টিফিকেট ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ছায়ালিপি এবং ব্যক্তিশ্রেণীর ক্ষেত্রে টিআইএন সার্টিফিকেট ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ছায়ালিপি অবশ্যই দাখিল করতে হবে। নিলাম বাতিল, স্থগিত বা সংশোধনী সংক্রান্ত যেকোন ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

উল্লেখ্য, বিদ্যমান আমদানি নীতি আদেশ এর প্রযোজ্য শর্ত প্রতিপালন, মামলার তথ্য যাচাই এবং অন্যান্য আইন ও বিধি-বিধানের প্রযোজ্য সকল শর্তাদি পরিপালনপূর্বক প্রযোজ্যক্ষেত্রে খালাস পর্যায়ে পণ্যের বর্ণনা এবং ওজন নিশ্চিত সাপেক্ষে নিলামকৃত পণ্য ছাড়যোগ্য হবে। এছাড়া, সর্বোচ্চ দর মূল্যের উপর সরকারি বিধি অনুযায়ী প্রযোজ্য হারে অগ্রিম আয়কর ও ভ্যাট পরিশোধ করতে হবে।

**বিঃ দ্রঃ** এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোন শর্তাদি বা নির্দেশনা যদি জাতীয় রাজস্ব বোর্ডের স্থায়ী আদেশ নং- ৯১/কাস্টমস/২০২৫/১২৩, তারিখ: ২ জুলাই, ২০২৫ খ্রিঃ সাথে সাংঘর্ষিক হয় তবে স্থায়ী আদেশের নির্দেশনা বা শর্তাদি প্রাধান্য পাবে মর্মে সকলের অবগতির জন্য জানানো হলো।

18/02/2026
মোহাম্মদ শহীদুল ইসলাম
অতিরিক্ত কমিশনার অব কাস্টমস
ও
সভাপতি নিলাম কমিটি।

খান ট্রেডিং কোং
৮৬, পূর্ব গোড়ান, ঢাকা-১২১৯
মোবাইল নং- ০১৭১১-৩৪৭১২৪, ০১৬৭৮-৭০১৯৫৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা
E-mail: pangaoncustoms@nbr.gov.bd

# ই-নিলাম (E-Auction) নং-১/২০২৬ এর সংশোধিত বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে পানগাঁও অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনালে রক্ষিত নিলামযোগ্য বিভিন্ন প্রকার মালামাল নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী নিলাম ক্রেতাগণের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে। **আগামী ২৫/০২/২০২৬ খ্রি: তারিখ সকাল হতে ১১/০৩/২০২৬খ্রি: তারিখ বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত** E-Auction Website Address (103 .48. 18. 166/auction/752) এ বিডার লগইন করে ই-নিলামে অংশগ্রহণ করা যাবে। পণ্য সরেজমিন পরিদর্শন করে নিলামে অংশগ্রহণের জন্য আগ্রহী নিলাম ক্রেতাগণকে অনুরোধ করা যাচ্ছে। নিলামের দর উন্মুক্ত করার পর নিলাম ক্রেতা/বিডার কর্তৃক পণ্য সংক্রান্ত কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

০২। নিলামে অংশগ্রহণকারী ব্যক্তি শ্রেণির দরদাতার ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র, টিআইএন সনদপত্র ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র এবং দরদাতা প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মূসক নিবন্ধন, টিআইএন সনদপত্র ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র থাকতে হবে। অনলাইনে নিলামে অংশগ্রহণকালে/বিড করার সময় দরপত্র মূল্য/কোটেশন মূল্যের কমপক্ষে ১০%অর্থ জামানত হিসেবে যেকোন তফসিলি ব্যাংক হতে "কমিশনার, কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা'' এর অনুকূলে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি এর স্ক্যান কপি অনলাইনে আবেদনকালে আপলোড এবং পরবর্তীতে পে-অর্ডারের মূল কপি ও প্রযোজ্য অন্যান্য দলিলাদি ১২/০৩/২০২৬ ইং তারিখ দুপুর ১২:০০ টার মধ্যে সীলগালাযুক্ত খামে কাস্টমস হাউস, পানগাঁও এ রক্ষিত দরপত্র বাক্সে জমা করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে পে-অর্ডারের মূল কপি ও প্রযোজ্য অন্যান্য দলিলাদি দরপত্র বাক্সে জমা করতে ব্যর্থ হলে অনলাইনে দাখিলকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে। দরপত্র বাক্সে জমাকৃত খামসমূহ আগামী ১২/০৩/২০২৬ খ্রি: তারিখ দুপুর ২:৩০ ঘটিকায় কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা এর সম্মেলন কক্ষে উন্মুক্ত করা হবে।

০৩। উল্লেখ্য, বিদ্যমান আমদানি নীতি আদেশ এর প্রযোজ্য শর্ত প্রতিপালন, মামলার তথ্য যাচাই এবং অন্যান্য আইন ও বিধি-বিধানের প্রযোজ্য সকল শর্তাদি পরিপালনপূর্বক প্রযোজ্যক্ষেত্রে খালাস পর্যায়ে পণ্যের বর্ণনা এবং ওজন নিশ্চিত সাপেক্ষে নিলামকৃত পণ্য ছাড়যোগ্য হবে। এছাড়া, সর্বোচ্চ দর মূল্যের উপর সরকারি বিধি অনুযায়ী প্রযোজ্য হারে অগ্রিম আয়কর ও ভ্যাট পরিশোধ করতে হবে।

০৪। **পণ্য পরিদর্শনের তারিখ:** আগামী ০২/০৩/২০২৬ খ্রি: তারিখ হতে ০৪/০৩/২০২৬ খ্রি: তারিখ পর্যন্ত কাস্টমস হাউস, পানগাঁও এর ওয়েবসাইটে প্রচারিত/নোটিশ বোর্ডে প্রদর্শিত সময় ও তারিখ অনুযায়ী ই-নিলামের অন্তর্ভুক্ত পণ্যসমূহ সরেজমিন পরিদর্শন করা যাবে। **নিলামে লটভুক্ত সকল পণ্যের পরিমাণ কেজিতে নির্ধারণ করা হয়েছে।**

০৫। **বিডার রেজিস্ট্রেশন:** আগ্রহী নিলাম ক্রেতাগণ E-Auction Website (103.48.18.166/auction/752) এ রেজিস্ট্রেশন বা বিডার লগইন করে উক্ত ই-নিলামে অংশগ্রহণ করতে পারবেন।

০৬। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় ও পর্যায়ে কোন লট/পণ্যচালান বা সকল লট/পণ্যচালানের নিলাম আংশিক বা সম্পূর্ণ স্থগিত বা বাতিল করতে পারবেন। এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোন শর্তাদি বা নির্দেশনা যদি জাতীয় রাজস্ব বোর্ডের স্থায়ী আদেশ নং-৯১/কাস্টমস/২০২৫/১২৩, তারিখ: ২ জুলাই, ২০২৫ খ্রিঃ সাথে সাংঘর্ষিক হয় তবে স্থায়ী আদেশের নির্দেশনা বা শর্তাদি প্রাধান্য পাবে মর্মে সকলের অবগতির জন্য জানানো হলো।

25/02/2026

মোহাম্মদ শহীদুল ইসলাম
এডিশনাল কমিশনার অব কাস্টমস
ও
সভাপতি, নিলাম কমিটি